বাংলাদেশ শিপিং কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড,
চট্টগ্রাম।
Website: www.bsc.gov.bd

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৮৩.৫৭.০০১.২৬/৮৭২

তারিখ: ১৯ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজবহরে নিম্নেবর্ণিত পদসমূহে আকর্ষণীয় বেতন-ভাতায় ০৪-০৯ মাস মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে আগামী **১৯ নভেম্বর, ২০২৬ খ্রি.** তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর CV ডাকযোগে/ই-মেইলে (To: gm-spd@bsc.gov.bd, CC: mdsec@bsc.gov.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে। এছাড়া নিম্নোক্ত ওয়েবসাইটে বিস্তারিত পাওয়া যাবে: www.bsc.gov.bd।

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	অভিজ্ঞতা	জাহাজের ধরণ	বেতন-ভাতাদি (মা.ড.)	অন্যান্য সুযোগ-সুবিধাদি
১	মাস্টার	০৪ টি	সমুদ্রগামী Oil & Chemical Tanker/ Bulk Carrier জাহাজে মাস্টার হিসেবে সর্বনিম্ন ১২ থেকে ১৮ মাসের অভিজ্ঞতা।	Tanker/ Bulk	আন্তর্জাতিক বাজার বিবেচনায় বিএসসি'র নিয়োগ কমিটি কর্তৃক নির্ধারিত বেতন কাঠামো অনুযায়ী।	Maritime Labour Convention (MLC) 2006 এবং BSC Service Agreement (Contractual Fleet Officers & Cadets-2023) অনুযায়ী চুক্তিভিত্তিক জাহাজী কর্মকর্তা, নাবিক ও ক্যাডেটদের খাদ্য, বাসস্থান, চিকিৎসা, কাজের নিরাপদ পরিবেশ এবং বীমা সুবিধা নিশ্চিত করা হবে।
২	চিফ ইঞ্জিনিয়ার	০৪ টি	সমুদ্রগামী Oil & Chemical Tanker/ Bulk Carrier জাহাজে চিফ ইঞ্জিনিয়ার হিসেবে সর্বনিম্ন ১২ থেকে ১৮ মাসের অভিজ্ঞতা।	Tanker/ Bulk		
৩	চিফ অফিসার	০৪ টি	সমুদ্রগামী Oil & Chemical Tanker/ Bulk Carrier জাহাজে চিফ অফিসার হিসেবে সর্বনিম্ন ১২ মাসের অভিজ্ঞতা ।	Tanker/ Bulk		
৪	সেকেন্ড ইঞ্জিনিয়ার	০৪ টি	সমুদ্রগামী Oil & Chemical Tanker/ Bulk Carrier জাহাজে সেকেন্ড ইঞ্জিনিয়ার হিসেবে সর্বনিম্ন ১২ মাসের অভিজ্ঞতা।	Tanker/ Bulk		
৫	থার্ড ইঞ্জিনিয়ার	০৪ টি	সমুদ্রগামী Oil & Chemical Tanker/ Bulk Carrier জাহাজে থার্ড ইঞ্জিনিয়ার হিসেবে সর্বনিম্ন ০৬ মাসের অভিজ্ঞতা।	Tanker/ Bulk		
৬	সেকেন্ড অফিসার	০৪ টি	সমুদ্রগামী Oil & Chemical Tanker/ Bulk Carrier জাহাজে সেকেন্ড অফিসার হিসেবে সর্বনিম্ন ০৬ মাসের অভিজ্ঞতা।	Tanker/ Bulk		
৭	থার্ড অফিসার/ জুনিয়র অফিসার	০৫ টি	সমুদ্রগামী Oil & Chemical Tanker/ Bulk Carrier জাহাজে থার্ড অফিসার হিসেবে সর্বনিম্ন ০৬ মাসের অভিজ্ঞতা।	Tanker/ Bulk		
৮	৪র্থ ইঞ্জিনিয়ার/ জুনিয়র ইঞ্জিনিয়ার	০৫ টি	সমুদ্রগামী Oil & Chemical Tanker/ Bulk Carrier জাহাজে ৪র্থ ইঞ্জিনিয়ার হিসেবে সর্বনিম্ন ০৬ মাসের অভিজ্ঞতা।	Tanker/ Bulk		
৯	ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/ জুনিয়র ইটিও	০৫ টি	CoC হোল্ডারদের অগ্রাধিকার দেওয়া হবে।	Tanker/ Bulk		

শর্তাবলী ও আবেদন প্রক্রিয়া:

ক. আগ্রহী প্রার্থীগণকে তাদের জীবনবৃত্তান্ত (CV), প্রি-সী সার্টিফিকেট এবং পাসপোর্ট সাইজের ছবিসহ ই-মেইলে আগামী ১০ নভেম্বর, ২০২৬খ্রি. তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে/ইমেইলে (To: gm-spd@bsc.gov.bd, CC: mdsec@bsc.gov.bd) ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে এবং অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত ই-মেইল সরাসরি বাতিল বলে গণ্য হবে।

খ. প্রাথমিক বাছাই শেষে যোগ্য প্রার্থীদের মৌখিক সাক্ষাৎকার গ্রহণ করা হবে। চূড়ান্ত যোগদানের পূর্বে আন্তর্জাতিক নিয়মানুসারে Pre-Employment Medical Examination (PEME), Dove Test, HIV (-) ও Port Health পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

গ. মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, অভিজ্ঞতার সনদ, সিডিসি (CDC), CoC and CoR, এসআইডি (SID), পাসপোর্ট, COPs, Rank Based অন্যান্য COPs এবং প্রি-সী ট্রেনিং সনদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে হবে।

ঘ. রাষ্ট্রবিরোধী কার্যকলাপ বা ফৌজদারী মামলার রেকর্ড থাকলে তিনি অযোগ্য বিবেচিত হবেন।

ঙ. মৌখিক সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ (TA/DA) প্রদান করা হবে না।

ছ. বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস, বৃদ্ধি, মনোনয়ন বাতিল বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে বিএসসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সতর্কীকরণ: নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোনো সুপারিশ অথবা কোনো পক্ষের সাথে কোনো ধরণের যোগাযোগ এবং আর্থিক লেনদেনের তথ্য পাওয়া গেলে তা প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে এবং তৎক্ষণিক প্রার্থীর আবেদন পত্রটি বাতিল হিসেবে বিবেচিত হবে।

স্বাক্ষরিত
মহাব্যবস্থাপক
শিপ পার্সোনেল বিভাগ
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
বিএসসি ভবন, পোস্ট বক্স নং-৬৪১,
সল্টগোলা রোড, চট্টগ্রাম।
মোবাইল নং- ০১৮১৯৮৬২২৬৫
ই-মেইল: gm-spd@bsc.gov.bd